

নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

২০২৩-২০২৪ অর্থবছরে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোঃ মোস্তাফিজুর রহমান

উপজেলা মৎস্য কর্মকর্তা (অ:দা)

দাগনভূঞা, ফেনী

সভার স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, দাগনভূঞা, ফেনী।

সভার তারিখঃ ২৬/০৯/২০২৩ খ্রিঃ সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে জনাব, রিজ্জা রানী দাস, অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, দাগনভূঞা, ফেনী ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভায় নিম্নোক্ত আলোচ্য বিষয় সমূহ সভায় তুলে ধরেন।

আলোচ্য বিষয়ঃ


- ১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।
- ২। নির্দিষ্ট সময়ে অফিসে আগমন ও প্রস্থান
- ৩। মৎস্য পরামর্শ দিবস পালন
- ৪। মুভমেন্ট রেজিষ্টার ও লগ বই হালনাগাদ পূর্বক সংরক্ষণ।
- ৫। সঠিক সময়ে প্রতিবেদন সমূহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিতকরণ

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি আলোচনা হয়।	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে প্রণীত কর্ম পরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী যথা সময়ে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে তৎপর হতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা ও সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০২	নির্দিষ্ট সময়ে অফিসে আগমন ও প্রস্থান	সকল কর্মকর্তা/ কর্মচারীদের নির্দিষ্ট সময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা ও সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০৩	মৎস্য পরামর্শ দিবস পালন: মৎস্য বিষয়ক বিশেষ সেবা প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	নির্ধারিত মৎস্য পরামর্শ দিবসে সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত সেবা গ্রহণ কারীদের সেবা প্রদান করতে হবে এবং নাম, ঠিকানা, মোবাইল নং, সেবার ধরন, পরামর্শ ইত্যাদি বিস্তারিত ভাবে পৃথক রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন।	উপজেলা মৎস্য কর্মকর্তা ও সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

০৪	মুভমেন্ট রেজিস্টার ও লগ বই হালনাগাদ পূর্বক সংরক্ষণ	অফিসের সকল কর্মকর্তা/ কর্মচারীদের মাঠ পরিদর্শন সহ সকল ধরনের মুভমেন্ট রেজিস্টারে যাত্রা ও প্রত্যাবর্তনের সময় ও তারিখ সহ লিপিবদ্ধ করার সিদ্ধান্ত হল। অফিসের মোটরসাইকেল ব্যবহার করলে লগবই হালনাগাদ পূর্বক যথাযথভাবে সংরক্ষণ করবেন।	উপজেলা মৎস্য কর্মকর্তা ও সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০৫	সঠিক সময়ে প্রতিবেদন সমূহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করা হয়।	সঠিক সময়ে প্রতিবেদন সমূহ কর্তৃপক্ষের নিকট প্রেরণের নিমিত্তে যথাসময়ে প্রতিবেদন সমূহ প্রস্তুত ও উর্ধ্বগামী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে আন্তরিক হতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা ও সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (মো: মোস্তাফিজুর রহমান)
 উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা)
 দাগনভূঞা, ফেনী

পত্র নং- ৩৩.০২.৩০২৫.৫০১.১২.০০১.২৩-১৯৩

তারিখ: ২৬/০৯/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা, ফেনী।
- ৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, দাগনভূঞা, ফেনী।
- ৫। ফোকাল পয়েন্ট, এপিএ, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ফেনী।
- ৬। এপিএ কমিটি, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, দাগনভূঞা, ফেনী।
- ৭। জনাব.....
- ৮। অফিস নথি।


 (মো: মোস্তাফিজুর রহমান)
 উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা)
 দাগনভূঞা, ফেনী